তারিখ: 30-DEC-2015
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক জনকণ্ঠ

দলীয় ভিত্তিতে ২শ' ৩৪ পৌরসভায়

# আজ ভোট



নির্বাচনের সকল প্রস্তুতি সম্পন্ন। কেন্দ্রে কেন্দ্রে পাঠানো হয়েছে ব্যালট পেপার, স্বচ্ছ ভোটের বাক্স ও নির্বাচনী সরঞ্জাম —সেলিম জাহাঙ্গীর

**শাহীন রহমান ॥** পৌরসভা নির্বাচনে প্রার্থীদের ভাগ্যপরীক্ষা আজ বুধবার। প্রায় ৭১ লাখ ভোটার তাদের প্রতিনিধি নির্বাচন করতে আজ ভোট দেবেন। ইতোমধ্যে ইসির পক্ষ থেকে ভোটের সব প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। পাশাপাশি ভোটাররা তাদের পছন্দের প্রার্থীকে ভোট প্রদানে প্রস্তুতি নিয়েছেন। সকাল থেকেই তারা ভিড় জমাবে ভোট কেন্দ্রে। ইসি জানিয়েছে, ৪টায় ভোট শেষ হলেও এ সময়ে যারা ভোট কেন্দ্রে ভেতরে বা লাইনে ভোটের অপেক্ষায় থাকবেন তাদের ভোট শেষ সময়ের পরেও নেয়া হবে। তবে ৪টার পরে কোন ভোটারকে আর ভোট কেন্দ্রে ঢুকতে দেয়া হবে না। নির্বাচনে সব ধরনের সরঞ্জাম রাতেই ভোট কেন্দ্রে পৌছানো হয়েছে বলে জানিয়েছে ইসি। সকাল ৮টায় ভোট শুরু হয়ে তা চারটা পর্যন্ত চলবে। এরপরেই ভোট গণনা করে কেন্দ্রভিত্তিক ফলাফল জানিয়ে দেয়া হবে।

২৩৪ পৌরসভায় মেয়র কাউন্সিলরসহ ১২ হাজারের বেশি ভোটার নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। যারা দীর্ঘ ২১

★ মেয়র ও কাউন্সিলরসহ প্রার্থীর সংখ্যা ১২ হাজারের বেশি ★ মোট ভোটার ৭১ লাখ

দিন প্রচার শেষে আজ চূড়ান্ত পরীক্ষায় অবতীর্ণ হচ্ছেন। তবে মেয়র পদে প্রায় সাড়ে নয় শ' প্রার্থী নির্বাচনে থাকলেও মূলত প্রতিদ্বন্দ্বিতা হবে আওয়ামী লীগের নৌকা প্রতীকের সঙ্গে বিএনপির ধানের শীষ প্রতীকের। এ কারণে সংশ্লিষ্ট অনেকেই মনে করছেন দুই প্রতিদ্বন্দ্বী রাজনৈতিক দলের মর্যাদার লড়াইও আজ। দীর্ঘ ৭ বছর পরে প্রথমবারের মতো পৌরসভা নির্বাচনের মাধ্যমে ভোটের লড়াইয়ে অবতীর্ণ হচ্ছে দল দুটি। এর আগে দশম জাতীয় সংসদে বিএনপি অংশ না নেয়ায় ওই নির্বাচন অনেকটা একতরফাভাবে অনুষ্ঠিত হয়। তবে এবার আওয়ামী লীগ বিএনপিসহ ২০ রাজনৈতিক দল অংশ নেয়ায় নির্বাচন অনেক বেশি প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হয়ে উঠেছে। তফসিল ঘোষণার পর। রাজনীতিও আবর্তিত হচ্ছে পৌরসভা নির্বাচনকে কেন্দ্র করে। নির্বাচনে একে অন্যের বিরুদ্ধে চলছে দোষারোপের খেলা। ইসি জানিয়েছে, ২৩৪ পৌরসভায় আজ ভোটগ্রহণ করা

(২ পৃষ্ঠা ২ কঃ দেখুন)